গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত নভেম্বর, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২০ নভেম্বর ২০২২ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | ... |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)কে অনুরোধ করেন। যুগ্মসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার, বিএসপি,এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হিসেবে যোগদান করেছেন। সচিব নবাগত মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরকে স্বাগত জানান এবং তাঁকে সভায় পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় তিনি তাঁর সংক্ষিপ্ত পরিচয় প্রদান করেন। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্রম | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১ | **গত সভার (অক্টোবর, ২০২২) কার্যবিবরণী দৃঢ়ীকরণ : অক্টোবর, ২০২২**-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | অক্টোবর, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| ২.২ | **(ক) কোভিড-১৯ পরিস্থিতি :** সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৬৯১ (তারিখ-১৭.১১.২০২২) (এসএসডি-৪২+এফএসসিডি-৫০০+প্রিজন-৭৬২+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৬) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৬৮৩ (এসএসডি-৪২+এফএসসিডি-৪৯৭+প্রিজন-৭৫৯+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৪) জন সুস্থ হয়েছেন। সুস্থতার হার ৯৯.৫২%। ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ডিএনসি-২) জন মৃত্যুবরণ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সকল কর্মচারীকে বুষ্টার ডোজ গ্রহণ ও মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে দৈনন্দিন কার্য সম্পাদনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। | ১) সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলে তা নিশ্চিতকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>**বাস্তবায়নকারী : সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর প্রধানগণ।** |

| | | |
|---|---|---|
| ২.৩ | **(ক)মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০১৪ : সিদ্ধান্ত:৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।** | **বাস্তবায়িত** |
| | **(খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪ :** **সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | **বাস্তবায়িত** |
| | **(গ) ২৮ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত:১৪। বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**-চুক্তিটি চূড়ান্ত স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগ-কে অবহিতকরণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আফ্রিকা) জনাব মোঃ তারিকুল ইসলাম জানান, সাউথ আফ্রিকা উক্ত চুক্তি স্বাক্ষরে আগ্রহী নয়। | ১) বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে করণীয় সম্পর্কে পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | **(ঘ) ৩১ মে ২০২১/ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত : ১৪। বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন করা হইল। (**'Agreement between The Government of The People's Republic of Bangladesh and The Government of the Republic of Botswana on visa exemption for holders of Diplomatic and Official Passports'**) শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন**- চুক্তিটি চূড়ান্ত স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগ-কে অবহিতকরণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আফ্রিকা) জনাব মোঃ তারিকুল ইসলাম জানান, মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর বতসওয়ানা সফরকালে উক্ত চুক্তিটি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে। | ১) বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |

| | |
|---|---|
| স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪১.০১.০০৪.১৭.৫৬, তারিখ ১১ মে ২০২২<br><br>**বিষয় : বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত।** সভাকে জানানো হয়, ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে চুক্তিটি স্বাক্ষরিত হয়েছে। | বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি সংক্রান্ত স্বাক্ষরিত চুক্তিটি বাস্তবায়নের পরবর্তী ধাপসমূহের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| **স্মারক নং-৫৮.০০.০০০০.০৪১.০১.০০১.১৭.৪১, তারিখ ২৩.০৩.২০২২**<br><br>**(৫) বিষয় : বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি অনুমোদন।** | **বাস্তবায়িত** |
| **(ঙ) মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১**<br><br>**বিষয় :** বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।<br><br>সভাকে জানানো হয়, সারসংক্ষেপের সাথে উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'অনুমোদিত খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। পরবর্তীতে মালদ্বীপ সরকার উক্ত অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব 25-I01/BGD-B/2021/286 নং নোট ভারবালের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করেন। পররাষ্ট্র মন্ত্রণালয় ০৪ জানুয়ারি ২০২২ তারিখে পরীক্ষার জন্য এ বিভাগে প্রেরণ করে। উক্ত সংশোধনীর উপর এ বিভাগ ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভার আয়োজন করে। সভার সিদ্ধান্তের আলোকে সংশোধনী চুক্তিসহ কার্যবিবরণী ১১ অক্টোবর ২০২২ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে। পররাষ্ট্র মন্ত্রণালয় অদ্যাবধি চুক্তি চূড়ান্তকরণের বিষয়ে কোন মতামত প্রদান করেনি। | ১)বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য এ বিভাগের পক্ষ হতে আর কিকি কার্যক্রম অবশিষ্ট আছে তা পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে যোগাযোগ করে দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।** |
| <u>**(চ)মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৬**</u><br>**সিদ্ধান্ত:৮।মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**-বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে। | ১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |

| | |
|---|---|
| (ছ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬ ।<br>**বিষয় : জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন। মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩ : এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে Jail Code সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।—**<br><br>সভাকে জানানো হয়, বর্তমানে Bangladesh Prison's and Correctional Services Act-২০২২-এর প্রণয়ন কাজ চলমান। এ বিভাগ হতে ০১ জুন ২০২২ তারিখে 'বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২'এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>**৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।** সভাকে জানানো হয়, বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম সম্পাদন করা হয়েছে। ইহা ভেটিং এর জন্য লেজিসলেটিভ বিভাগে প্রেরণ করা হয়েছে। Jail Code-এর বাংলা ভাষায় অনুবাদ প্রকাশ করার কার্যক্রমও দ্রুত সম্পাদন করা জরুরি। | ১) বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং করিয়ে আনার জন্য দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br><br>২) যেহেতু বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম সম্পাদন করা হয়েছে, তাই দ্রুত Jail Code-এর বাংলা ভাষায় অনুবাদ প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩) বর্তমানে 'বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২' এর খসড়া-এর ভেটিং কার্যক্রম লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে চলমান। এটি সম্পন্ন হতে আরো কিছু সময় লাগতে পারে। এদিকে Jail Code-এর বাংলা ভাষায় অনুবাদ প্রকাশ করতেও দীর্ঘ সময়ের প্রয়োজন হতে পারে। তাই জেল কোডের বাংলা ভাষায় অনুবাদ কার্যক্রমও শুরু করা প্রয়োজন। Jail Code-এর বাংলা ভাষায় অনুবাদ প্রকাশের কার্যক্রম এখনই শুরু করার জন্য অনুরোধ করা হলো এবং বাস্তবায়ন অগ্রগতি যথারীতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন অব্যাহত রাখতেও বলা হলো।<br><br>**বাস্তবায়নকারী : আইজি (প্রিজন)/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি।** |

| | |
|---|---|
| <u>(জ) মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯</u><br>**সিদ্ধান্ত : ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।**<br>সভাকে জানানো হয়, The Bangladesh Passport Order, ১৯৭৩ (President's Order No-9 of 1973)-এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন, ২০২০ এর খসড়া যাচাই-বাছাই করতঃ ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে ১৭ ডিসেম্বর ২০২০ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>বাংলাদেশ পাসপোর্ট আইন, ২০২০ প্রণয়ন করা হলে, The Bangladesh Passport Order, 1973, The Passport Act, 1920 এবং The Passport Offences Act, 1952 রহিত হয়ে যাবে।<br><br>ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনগুলোকে দ্রুত বাংলায় প্রণয়ন বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে জরুরিভিত্তিতে একটা সভা করা প্রয়োজন মর্মে বিস্তারিত সভায় আলোচনা হয়। | ১) ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনগুলোকে দ্রুত বাংলায় প্রণয়ন বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে জরুরিভিত্তিতে একটা সভা করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২) ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে<br><br>**বাস্তবায়নকারী : অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর)/সংশ্লিষ্ট শাখা প্রধান ।** |

**২.৪**

**জনবল :** সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের বিবরণী ও গৃহীত কার্যক্রম নিম্নরূপ :

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|
| এসএসডি | ২৭৭ | ২০৯ | ৬৮ |
| ডিএনসি | ৩০৫৯ | ১৯০৪ | ১,১৫৫ |
| এফএসসিডি | ১৪,৪৪৩ | ১২,৫৮৩ | ১,৮৬০ |
| প্রিজন | ১২,১৭৮ | ১০,৩৮৭ | ১,৭৯১ |
| ডিআইপি | ১,৫৩০ | ১,১৪২ | ৩৮৮ |
| মোট = | **৩১,৪৮৭** | **২৬,২২৫** | **৫,২৬২** |

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** ১৮টি সহকারী পরিচালক এর পদ, ১৬ টি মেডিকেল অফিসার এর পদ, ১টি সহকারী রেজিষ্টার এর পদ, ৩টি ইমারজেন্সী মেডিকেল অফিসার এর পদ, ৯টি রিহেবিলিটেশন অফিসার এর পদ, ৮টি সহকারী রাসায়নিক পরীক্ষক এর পদ, ৮টি সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার এর পদ, ৮টি ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট এর পদ, ২টি হিসাবরক্ষক এর পদ এবং ১ টি আইন কর্মকর্তা) সুরক্ষা সেবা বিভাগ হতে পিএসসি'তে ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখে অধিযাচন প্রেরণ করা হয়েছে।

১. প্রসিকিউটর ২. পরিদর্শক ৩. কাউন্সেলর এবং ৪. মেট্রোন (জুনিয়র) এর পিএসসিতে অধিযাচন প্রেরণের জন্য ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে এ বিভাগের মাদক-১ শাখায় প্রেরণ করা হয়েছে।

গ্রন্থাগার সহকারী এর ১টি, গাড়িচালক-১১টি এবং ওয়্যারলেস অপারেটর এর ৬টি ও ২০তম গ্রেডের বিভিন্ন ক্যাটাগরির অফিস সহায়কের ৬টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

**কারা অধিদপ্তর :** ৩৮তম বিসিএস নন-ক্যাডার হতে ডেপুটি জেলার পদে-৭টি এবং মহিলা ডেপুটি জেলার পদে ১০টিতে নিয়োগের জন্য পিএসসি কর্তৃক সুপারিশ করা হয়েছে। যার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

৫৬টি ডিপ্লোমা নার্স-এর শূন্যপদে নিয়োগের জন্য এ বিভাগ হতে ৩১.১২.২০২০ তারিখে পিএসসি বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

৩য় শ্রেণির বিভিন্ন ক্যাটাগরির ১২৩৯টি শূন্য পদের মধ্যে কারারক্ষীর ৩৫৪টি এবং মহিলা কারারক্ষীর ২৯টি পদের ছাড়পত্র এ বিভাগ হতে প্রদান করা হয়েছে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** ১৭-২০তম গ্রেডের ৫৫০টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। যার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

১) অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;

২) অধিদপ্তরসমূহের যে সকল শূন্যপদ পিএসসি এর মাধ্যমে পূরণের জন্য নিয়োগ বিধিতে উল্লেখ রয়েছে সেসকল পদ দ্রুত পূরণের জন্য পিএসসি এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।

৩) বিপিএসসি এর মাধ্যমে পূরণযোগ্য পদসমূহের অধিযাচনের তালিকার ভিত্তিতে দ্রুত নিয়োগদানের বিষয়ে বিপিএসসি'র চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনার সুবিধার্থে আওতাধীন দপ্তর হতে প্রেরিত পদের অধিযাচনের তালিকা সচিবের নিকট দাখিল করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/প্রশাসন-১ শাখা প্রধান।**

**২.৫**

**জেলাপ্রশাসক সম্মেলন ১৮-২০ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন মেয়াদে বাস্তবায়নের জন্য এ বিভাগ সংশ্লিষ্ট ৮টি সিদ্ধান্ত রয়েছে।**

• ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এ অক্টোবর, ২০২২-এ ৪ লক্ষ ৮৩ হাজার ২৮১টি আবেদনপত্রের বিপরীতে ৪ লক্ষ ৯০ হাজার ৪৬৭টি ই-পাসপোর্ট এনরোলমেন্ট করা হয়েছে, ৪ লক্ষ ৭৭ হাজার ১৪৭টি ই-পাসপোর্ট প্রিন্ট করা হয়েছে, ৪ লক্ষ ৫৬ হাজার ৭৩০টি ই-পাসপোর্ট ইস্যু করা হয়েছে।

পুলিশ প্রতিবেদন, তথ্য পরিবর্তনে জন্য বেসিক সেন্টারে পেন্ডিং, পুরানো পাসপোর্ট গোপন ইত্যাদি কারণে ১৩ হাজার ৩২০টি ই-পাসপোর্ট প্রিন্ট করা যায়নি

| অধিদপ্তর | সিদ্ধান্ত | মেয়াদ | অগ্রগতি |
|---|---|---|---|

১) জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।

২) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এ প্রতিমাসে পাসপোর্টের জন্য প্রাপ্ত আবেদন পত্রসমূহ, এর বিপরীতে নির্ধারিত সময়ের মধ্যে ইস্যুকৃত পাসপোর্টসমূহ, কতটি

| | | | |
|---|---|---|---|
| **প্রিজন** | কারাগারে বডি স্ক্যানিং সিস্টেম ও লাগেজ স্ক্যানার মেশিন স্থাপন করতে হবে। | স্বল্পমেয়াদি | কারাগারে প্রয়োজনীয় সংখ্যক বডি স্ক্যানার ও লাগেজ স্ক্যানার স্থাপনের নিমিত্ত প্রকল্প গ্রহণ করা হবে। |
| | কারাগারে বন্দিদের সুচিকিৎসা নিশ্চিতকরণে কারাগারের অনুকূলে অ্যাম্বুলেন্স বরাদ্দ করতে হবে। | মধ্যমেয়াদি | কারাগারে অ্যাম্বুলেন্স সরবরাহের লক্ষ্যে এ বিভাগে প্রেরিত প্রকল্পটি অনুমোদিত হলে অ্যাম্বুলেন্স সরবরাহ করা হবে। |
| | রাজশাহী কেন্দ্রীয় কারাগারে নতুন ভবন নির্মাণ করতে হবে। | দীর্ঘমেয়াদি | 'রাজশাহী কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ'র মাস্টারপ্ল্যান প্রণয়নের নিমিত্ত তথ্য/উপাত্ত সংগ্রহ করা হচ্ছে। |
| | কারাগারের অভ্যন্তরে ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার বন্ধে কারাবিধি, ২০০৫ (১ম খন্ড)-এর ৬৬০, ৭০৪,৭০৫, ৯২৫ ও ১০৬৭ বিধি সংশোধন করা যেতে পারে। | দীর্ঘমেয়াদি | বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট প্রণয়ন শেষে সংশোধনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| **ডিআইপি** | প্রবাসী শ্রমিকদের পাসপোর্টে জন্য পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং পাসপোর্ট নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্বল্পমেয়াদি | পাসপোর্ট আবেদনের পুলিশ প্রতিবেদন অনলাইনে প্রেরণ করা হয়। প্রবাসী শ্রমিকদের পাসপোর্ট অগ্রাধিকারভিত্তিতে প্রিন্ট করে Fedex এর মাধ্যমে দ্রুত প্রেরণ করা হচ্ছে। |
| | মুজিবনগরে ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | দীর্ঘমেয়াদি | -- |
| **এফএসসিডি** | কুমিল্লা, খুলনা এবং বরিশালে ভবনের উচ্চতা যাচাইক্রমে সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের অগ্নিনির্বাপণ সক্ষমতা বৃদ্ধি করতে হবে। | মধ্যমেয়াদি | বাস্তবায়িত |
| | ফায়ার স্টেশনে ডুবুরি পদ সৃজন করতে হবে। | দীর্ঘমেয়াদি | ১২৪টি পদ সৃজন এবং ডুবুরি কাজের জন্য অত্যাবশকীয় গাড়ি ও ইনফ্লাটেবল বোট টিওএন্ডইভুক্তকরণের প্রস্তাব ৩১ আগস্ট ২০২২ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। |

পাসপোর্টের আবেদন পত্রের বিপরীতে নির্ধারিত সময়ের মধ্যে পাসপোর্ট ইস্যু করা সম্ভব হয়নি, পাসপোর্ট ইস্যু না হওয়ার কারণ কি এসকল বিস্তারিত তথ্যাদি প্রতি মাসের সমন্বয়সভায় টেবিলে উপস্থাপন করতে হবে।

৩) মাননীয় প্রধান মন্ত্রীর ভারত সফরকালে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত মিটিং মিনিটস সংগ্রহ করে 'মুজিবনগরে ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপনের উদ্যোগ গ্রহণের বিষয়ে' কোন আলোচনা হয়েছে কিনা সে বিষয়ের তথ্যাদি সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক সচিব বরাবর দাখিল করতে হবে।

| | | |
|---|---|---|
| ২.৬ | **ই-টেন্ডারিং :**<br><br>**ডিআইপি :** অক্টোবর, ২০২২-এ  ২০০টি DSLR Camera ক্রয়ের জন্য ই-জিপিতে ১টি টেন্ডার আহ্বান করা হয়েছে।<br><br>**ডিএনসি :** বিবেচ্যমাসে ই-জিপিতে কোন টেন্ডার আহ্বান করা হয়নি।<br><br>**এফএসসিডি :** পোষাক সামগ্রীর টিসি কমবেট কাপড়, স্যান্ডো গেঞ্জি ও বেডশিট এর দরপত্র ১৯.০৯.২০২২ তারিখে এবং ওয়েভ বেল্ট (নাইলন কালো), ডীপ সাইন, হ্যাগিং ব্যাজ (ডীপ সাইন), Rescue Badge, Fire Fighter Badge, FSCD Bangladesh Badge, স্যু-ব্রাশ কালো, স্যু-পালিশ কালো, FSCD সোল্ডার লেটার ও নেইম প্লেট ক্রয়ের দরপত্র ২১.০৯.২০২২ তারিখে, ফিল্ড ক্যাপ সেলাই ও উইন্টার জ্যাকেট ১১.১০.২০২২ তারিখে এবং ইউনিফর্ম সেলাই এর দরপত্র ১৬.১০.২০২২ তারিখে উন্মুক্ত করা হয়েছে। মূল্যায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>**প্রিজন :** অক্টোবর, ২০২২ পর্যন্ত ২১টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহ্বান করা হয়েছে। তন্মধ্যে ১৩টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ৬টি প্যাকেজ লাইভে এবং ২টি প্যাকেজ মূল্যায়নে আছে। অক্টোবর, ২০২২ পর্যন্ত ৯টি প্যাকেজের দরপত্র ম্যানুয়ালি আহ্বান করা হয়েছে। তন্মধ্যে ৫টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ৪টি প্যাকেজ মূল্যায়ন পর্যায়ে আছে। | ১) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২) পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩) সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে।<br><br>৪) টেন্ডারে আহ্বানকৃত প্যাকেজসমূহ মূল্যায়নকালে যাতে দরপত্র মূল্যায়ন কমিটিতে স্ব স্ব দপ্তরের সদস্য ছাড়াও বাইরের দপ্তরের কোন সদস্যকে অন্তর্ভুক্ত করা হয় তা নিশ্চিত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** ২০২২-২৩ অর্থবছরের সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) অগ্রগতি :

| ক্রম | কার্যক্রম | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা | অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | **নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ সংশ্লিষ্ট-৪টি** | | | | |
| ১ | বিদেশি নাগরিকবৃন্দের বাংলাদেশি ভিসা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ | শতকরা | ২ | ৭০% | ৮২.০৩% |
| ২ | বিদেশী নাগরিকবৃন্দের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্রের আবেদন নিষ্পত্তিকরণ | শতকরা | ২ | ৬৫% | ৭৭.৬৪% |
| ৩ | প্রবাসী বাংলাদেশিগণের দ্বৈত নাগরিকত্বের আবেদন নিষ্পত্তিকরণ | শতকরা | ২ | ৬৪% | ৭০.২৩% |
| ৪ | নির্ধারিত সময়ে প্রিন্টযোগ্য পাসপোর্ট পার্সোনালাইজেশন (মুদ্রণ) নিশ্চিতকরণ | শতকরা | ২ | ৭০% | ১০০% |
| | **কারা অনুবিভাগ সংশ্লিষ্ট-৬টি** | | | | |
| ৫ | কারাবন্দিদের পুনর্বাসনের জন্য বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ, উৎপাদন এবং লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ (ক্রমপুঞ্জিত) | কারাগারের সংখ্যা | ২ | ৩৩টি | ৩৩টি |
| ৬ | কারাবন্দিদের পিসি'তে অনলাইনে টাকা জমা প্রদানের কার্যক্রম সম্প্রসারণ (ক্রমপুঞ্জিত) | কারাগারের সংখ্যা | ২ | ৫৫টি | ৫৫টি |
| ৭ | কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালু ও চিকিৎসার কাজ সম্প্রসারণ (ক্রমপুঞ্জিত) | কারাগারের সংখ্যা | ২ | ১৫টি | - |
| ৮ | মহিলা কারাবন্দিদের সাথে অবস্থানরত শিশুদের জন্য ডে-কেয়ার স্থাপন (ক্রমপুঞ্জিত) | কারাগারের সংখ্যা | ২ | ১২টি | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯ | বন্দি ধারণ ক্ষমতা উন্নীতকরণ (ক্রমপুঞ্জিত) | কারাবন্দির সংখ্যা | ২ | ৪২,৭০০জন | - |
| ১০ | কারা নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে আধুনিক যন্ত্রপাতি/সরঞ্জামাদি সংযোজনের কার্যক্রম সম্প্রসারণ | কারাগারের সংখ্যা | ১ | ৫৫টি কারাগার | - |
| | **অগ্নি অনুবিভাগ সংশ্লিষ্ট-৪টি** | | | | |
| ১১ | বস্তি/বহুতল ভবন/ শপিংমল/হাসপাতাল ও অন্যান্য স্থানে অগ্নিনির্বাপণী মহড়া পরিচালনা | সংখ্যা | ৩ | ৪,৫০০টি | ১,২৭৬টি |
| ১২ | নির্দিষ্ট সময়ের মধ্যে ফায়ার লাইসেন্স/ফায়ার ছাড়পত্র প্রদান | শতকরা | ২ | ৮০% | ৮১.৮৫% |
| ১৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীদের বদলি ও পদায়ন নীতিমালা চূড়ান্তকরণ | তারিখ | ২ | ৩১-০৩-২৩ | খসড়া প্রণয়ন করা হয়েছে। |
| ১৪ | দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিস এবং উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত ফলাবর্তক সভা আয়োজন | সংখ্যা | ২ | ৬টি | - |
| | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ সংশ্লিষ্ট-১০টি** | | | | |
| ১৫ | শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে প্রশিক্ষক/মেন্টর তৈরি | সংখ্যা | ২ | ১,২০০জন | ৩৬৫ জন |
| ১৬ | মাদক বিরোধী অভিযান কার্যক্রম পরিচালনা | সংখ্যা | ৩ | ৬৫,০০০ | ২২,৪৩১ |
| ১৭ | জেলা, উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সেমিনার/ওয়ার্কশপ আয়োজন | সংখ্যা | ২ | ১০০টি | ১৪৫টি |
| ১৮ | মাদকবিরোধি কার্যক্রম জোরদারকরণে উপজেলা ভিত্তিক কমিউনিটি ভলান্টিয়ার টিম গঠন | সংখ্যা | ২ | ১৩০টি | ২৮টি |
| ১৯ | অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রদান | তারিখ | ২ | ৩১-০৩-২৩ | অনুদান প্রদানের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে। |
| ২০ | সরকারি/বেসরকারি মাদকাসক্ত নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা প্রদান | সংখ্যা | ২ | ৩১,০০০জন | ৭,৭৩৮জন |
| ২১ | সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিকে প্রদানকৃত কাউন্সিলিং সেবা প্রদান | সংখ্যা | ১ | ৯,০০০ জন | ৩,৭৬৩ জন |
| ২২ | এ্যানফোর্সমেন্ট কমিটির সভা আয়োজন | সংখ্যা | ১ | ৪টি | ১টি |
| ২৩ | মাদক সংক্রান্ত পরিবীক্ষণ সভা আয়োজন | সংখ্যা | ১ | ৪টি | ১টি |
| ২৪ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল ব্যতীত) বিধিমালা ২০২২-এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ | তারিখ | ১ | ৩১-৫-২৩ | ০৫.০৯.২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক গঠিত কমিটির সভা হয়েছে। |
| | **উন্নয়ন অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম-৯টি** | | | | |
| ২৫ | বিদেশস্থ মিশন হতে ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা | ৩ | ১০টি | ১টি (ডেনমার্ক, ২৮.৭.২২) |
| ২৬ | শাহ আমানত এবং ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দরে স্থাপিত ই-গেইটসমূহের কার্যক্রম চালুকরণ | তারিখ | ২ | ৩১-০১-২৩ | ৩০.১০২২ ও ১০.১১.২২ তারিখে চালু হবে মর্মে জানানো হয়েছে। |
| ২৭ | ই-টিপি চালুকরণের লক্ষ্যে টেন্ডার ডকুমেন্ট মন্ত্রণালয় পর্যায়ে যাচাই-বাছাই সম্পন্নকরণ | তারিখ | ১ | ৩১-০৩-২৩ | সম্পন্ন হয়েছে |
| ২৮ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনর্নির্মাণ শীর্ষক প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | শতকরা | ১ | ২০% | ১৯% |
| ২৯ | খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | শতকরা | ১ | ৮০% | ৭৫% |
| ৩০ | নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্পের ভৌত কার্যক্রম বাস্তবায়ন | শতকরা | ১ | ৪৫% | ৪২% |
| ৩১ | দেশের গুরুত্বপূর্ণ স্থানে ৩৫টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্পের ডিপিপি যাচাই বাছাইকরণ | তারিখ | ২ | ৩১-০৩-২৩ | গণপূর্ত অধিদপ্তরে ডিপিপি প্রণয়নের কাজ চলমান |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২ | ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ফায়ার স্টেশন নির্মাণ | সংখ্যা | ২ | ৭টি | কাঁচপুর ব্রিজ-৮০%<br>কর্ণফুলি-৭৯%<br>রাজেন্দ্রপুর-৭৫%<br>কোনাবাড়ি-৪০% |
| ৩৩ | ১৬ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | শতকরা | ২ | ৮০% | ৭৭% |
| | **প্রশাসন ও অর্থ অনুবিভাগ সংশ্লিষ্ট কার্যক্রম-১টি** | | | | |
| ৩৪ | সরকারি কর্মচারিদের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজন | সংখ্যা | ১ | ৬টি | ২টি |
| | **মূল্যায়ন সংক্রান্ত-৬টি** | | | | |
| ৩৫ | বস্তি/বহুতল ভবন/ শপিংমল/ হাসপাতাল ও অন্যান্য স্থানে পরিচালিত অগ্নিনির্বাপণী মহড়া কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ২০ | ১টি |
| ৩৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পরিচালিত মৌলিক/পেশাগত/ ভলান্টিয়ার প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ১০ | ১টি |
| ৩৭ | পরিচালিত মাদকবিরোধী অভিযান কার্যক্রম মূল্যায়ন | সংখ্যা | ১ | ১৫ | ১টি |
| ৩৮ | সরকারি/বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | ১৪ | - |
| ৩৯ | কারাবন্দিদের পুনর্বাসনের জন্য প্রদানকৃত প্রশিক্ষণ এবং উৎপাদিত পণ্যের লভ্যাংশ প্রদান কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | ১০টি | - |
| ৪০ | বিভাগীয়/আঞ্চলিক অফিসের পাসপোর্ট/ই-পাসপোর্ট ইস্যু কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ২ | ১৫টি | ১টি |

**সিদ্ধান্তসমূহ :**

১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে;

২) কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সভা অনুষ্ঠানসহ দাপ্তরিক/ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

৩) পরবর্তী সমন্বয়সভায় এপিএ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে, সুতরাং এ বিষয়ে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকলকে সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি ও কোন প্রকার প্রতিবন্ধকতা থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

৪) সূচক অর্জনের ক্ষেত্রে অধিদপ্তর প্রধানগণ/অনুবিভাগ প্রধানগণকে তাঁর দপ্তরের এপিএ ফোকাল পয়েন্টকে নিয়ে প্রতি ১৫ দিন কিংবা মাসে অন্তত একদিন মনিটরিং সভা করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

২.৮

**অডিট :** সভায় বাজেট-২ শাখা হতে প্রাপ্ত এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অডিট সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনের পূর্বে গত মাস পর্যন্ত মিটিং এর সংখ্যা, জবাব প্রদানের সংখ্যা, সুপারিশের সংখ্যা, নিস্পত্তির সংখ্যা ইত্যাদি উপস্থাপন নিয়ে সভায় বিশদ আলোচনা করা হয়।

**এসএসডি :** ২০২০-২১ অর্থবছরের ৬টি অডিট আপত্তির জবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

**প্রিজন :** কারা অধিদপ্তরে পেন্ডিং ৯৬টি আপত্তির মধ্যে ৮৩টি আপত্তির জবাব মন্ত্রণালয়/আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছিল। বর্ণিত অধিদপ্তর হতে এগুলো সংশোধনপূর্বক পুনঃপ্রেরণের জন্য মতামত আকারে পাওয়া গেছে। সেগুলোসহ অবশিষ্ট ১৩টি আপত্তির কার্যক্রম কারা অধিদপ্তরে চলমান রয়েছে।

**এফএসসিডি :** ২০১৭-১৮ অর্থবছরের ১২টি অডিট আপত্তি আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ১১টি অডিট আপত্তি আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। ২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে ৫টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে এবং বাকি ১২টি আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

**ডিএনসি :** ১৩টি অডিট আপত্তি আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে পেন্ডিং রয়েছে।

| অধিদপ্তর | আপত্তির সংখ্যা | জড়িত অর্থের পরিমাণ | জবাব প্রদান করা হয়নি এমন আপত্তির সংখ্যা | আপত্তিসমূহের সর্বশেষ হালনাগদ অবস্থান |
|---|---|---|---|---|
| **এসএসডি** | ৬টি | ৬৫,১১,৫২৯ | ০ | **এসএসডি :** ০,**অধি :** ০, **আইটি ও জনসেবা অডিট অধি:** ৬টি |
| **ডিআইপি** | ৯১টি<br>সাধা :-২৯<br>অগ্রিম-৬২ | ২৮১৩,২৩,৩৩,৬৬২.৭<br>(সা:২৫২,৫০,৪৭,৩৪০.৯২<br>অ:২৫৬০,৭২,৮৬,৩২১.৮ | ৩৯টি | **এসএসডি :** ০টি, **অধি :** ৩৯টি, **আইটি ও জনসেবা অডিট অধি :** ২৬টি |
| **প্রিজন** | ৪৮৭টি | ২৯৫,২২,৯৫,৩৪২/- | ১৩টি (নতুন) | **এসএসডি :** ৩টি, **অধি :** ৯৬টি, **আইটি ও জনসেবা অডিট অধি :** ১১৩টি |
| **এফএসসিডি** | ৪২টি | ১৭৯,৩৬,১৬,৫৭২<br>(২,৫৩,৮২,৬৮৯<br>১৫৫,২৬,৬৭,৭৫৩২১,৫৫,৬৬,১৩০) | ০ | **এসএসডি :** ৩টি, **অধি :** ০, **আইটি ও জনসেবা অডিট অধি :** ৩৫টি |
| **ডিএনসি** | ১৪ | ৭৩৩,৬৩,১৪,৮৫০ | ০ | **এসএসডি :** ০, অধি : ০ **আইটি ও জনসেবা অডিট অধি :** ১৩টি |

**সিদ্ধান্তসমূহ :**

১)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিস্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরূপ আপত্তি উত্থাপিত না হয় সেজন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরূপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২) যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব এক মাসের মধ্যে প্রদান করতে হবে;

৩) দীর্ঘদিনের পুরাতন আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে;

৪) অডিট সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনকালে প্রতি মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, গত মাস পর্যন্ত জবাব প্রদানের সংখ্যা, সুপারিশের সংখ্যা, নিস্পত্তির সংখ্যা ও অনিস্পন্ন আপত্তির সংখ্যা ইত্যাদি তথ্যাদি প্রদান অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

<table>
<tr>
<td>২.৯</td>
<td>পেনশন :
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>পেনশনের সংখ্যা</th><th>বিবেচ্য মাসে নিষ্পত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট</th></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৪</td><td>০</td><td>৪</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১</td><td>০</td><td>১</td></tr>
</table>
</td>
<td>১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>বাস্তবায়নকারী</td>
</tr>
<tr>
<td>২.১০</td>
<td>পরিদর্শন : বিবেচ্য মাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর ২টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর ২টি, কারা অধিদপ্তর এর ১টি স্থাপনা/প্রকল্প পরিদর্শন করা হয়েছে।</td>
<td>১) প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>২.১১</td>
<td>অনিষ্পন্ন বিষয়/পত্রাদি : সভাকে জানানো হয় অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে।</td>
<td>১)এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী:অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

২.১২

**প্রশিক্ষণ (অক্টোবর, ২০২২) :** লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

| বিভাগ/ অধিদপ্তর | গ্রেড | সংখ্যা | ক্রমপুঞ্জিত (ঘন্টা) |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৩০ | ১১ |
| | ১০ম গ্রেড | ৩২ | ৬ |
| | ১১-১৬ গ্রেড | ৪৭ | ৬ |
| | ১৭-২০ গ্রেড | ৩২ | ৬ |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৩২ | ৫ |
| | ১০ম গ্রেড | ৫ | ৫ |
| | ১৬ ও তদূর্ধ্বগ্রেড | ১২৯ | ৬ |
| | ২০ ও তদূর্ধ্বগ্রেড | ১৫ | ৭ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ১১৬ | ২২ |
| | ১০ম গ্রেড | ১৬৩ | ১৮ |
| | ১৬ ও তদূর্ধ্বগ্রেড | ১৪৪৫ | ১৩ |
| | ২০ ও তদূর্ধ্বগ্রেড | ১০০ | ১১ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ৪৩ | ২৩ |
| | ১০ম গ্রেড | ৬৪৫ | ২৪ |
| | ১৬ ও তদূর্ধ্বগ্রেড | ৩,৭৫২ | ২৫ |
| | ২০ ও তদূর্ধ্বগ্রেড | ৮,১৪৩ | ২৮ |
| কারা অধিদপ্তর | ৯ম ও তদূর্দ্ধ গ্রেড | ১৩১ | ২০ |
| | ১০ম গ্রেড | ১৫৭ | ২০ |
| | ১৬ ও তদূর্ধ্বগ্রেড | ৩৭৮ (সিভিল) | ২০ |
| | ১৬ ও তদূর্ধ্বগ্রেড | ৮৭৭১ (ইউনিফর্ম) | ২০ |
| | ২০ ও তদূর্ধ্ব গ্রেড | ১৭ | ১৮ |

১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক(Need Based)প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারী:অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

<table>
<tr>
<td>২.১৩</td>
<td>
ওয়েবসাইট হালনাগাদকরণ :
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>বিবেচ্যমাসে আপলোডকৃত বিষয়/তথ্য</th><th>বিবেচ্যমাসে আপগ্রেডকৃত বিষয়/তথ্য</th></tr>
<tr><td>ডিআইপি</td><td><ul><li>অফিস আদেশ-১২টি</li><li>অফিস আদেশ (বহিঃ বাংলাদেশ ছুটি)-৭টি</li><li>নোটিশ-২টি</li><li>দরপত্র নোটিশ ২টি</li><li>এনওসি (কর্মচারী)-৭টি</li></ul></td><td>০০</td></tr>
<tr><td>ডিএনসি</td><td><ul><li>এনওসি/জিও-১৫, নোটিশ/অফিস আদেশ-৫০টি, ছবি আপলোড-৪৭টি। প্রিকারসর কেমিক্যালস্ এর এনওসি-৭৮টি, সভার কার্যবিবরণী-০৩টি, পেথিডিন/মরফিন এর লাইসেন্স পারমিটের আদেশ-২৪টি, মামলার হালনাগাদ তথ্য-৩১টি</li></ul></td><td>০০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td><ul><li>নোটিশ-১০টি</li><li>জিও- ২টি</li><li>এনওসি-১৯টি</li><li>অফিস অর্ডার-৬টি</li><li>বহি: বাংলাদেশ ছুটি- ১০টি</li></ul></td><td>০০</td></tr>
<tr><td>প্রিজন</td><td><ul><li>নোটিশ বোর্ড-৪টি</li><li>সার্কুলার-৭টি</li><li>পোস্টিং অর্ডার/জিও-৩টি</li><li>এনওসি-১৮টি</li><li>অফিস আদেশ-১৯টি</li><li>বহিঃ বাংলাদেশ ছুটি-১টি</li><li>টেন্ডার-৬টি</li></ul></td><td></td></tr>
</table>
</td>
<td>১) জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালনাগাদকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে আপলোড/আপডেট অব্যাহত রাখতে হবে;<br><br>বাস্তবায়নকারী: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২.১৪</td>
<td>ই-ফাইলিং :<br>ফায়ার সার্ভিস ওসিভিল ডিফেন্স অধিদপ্তর : ৮২.৫৯% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর : ৮৫% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br>কারা অধিদপ্তর : ৯৬% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : ৯৫% ই-ফাইলে নিষ্পত্তি করা হয়েছে।</td>
<td>১) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-নথিতে নিষ্পত্তিকৃত কার্যক্রমের অগ্রগতি শতকরা হারে বিভাগ/দপ্তর/সংস্থাওয়ারী প্রতি মাসের সমন্বয়সভায় ছকে উপস্থাপন অব্যাহত রাখতে হবে।<br><br>৩) যেসকল অধিদপ্তর ৯০% এর অধিক নথিপত্র ই-ফাইলে নিস্পত্তি করা হয়েছে সেসকল দপ্তর/সংস্থা প্রধানকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
<tr>
<td>২.১৫</td>
<td>ইনোভেশন ও উত্তম চর্চা : ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
<table>
<tr><th>ক্রম</th><th>অফিস</th><th>উদ্ভাবনী ধারণা</th></tr>
<tr><td>১</td><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>দ্বৈত নাগরিকত্বের সনদপত্রের জন্য অনলাইনে আবেদন গ্রহণ, নিরাপত্তা সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং ডিজিটাল (QR কোড সংবলিত) সনদপত্র;</td></tr>
<tr><td>২</td><td>প্রিজন</td><td>বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E-Commerce System চালুকরণ;</td></tr>
<tr><td>৩</td><td>এফএসসিডি</td><td>ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানগুলোতে ERS (Emergency Response System) স্থাপন;</td></tr>
<tr><td>৪</td><td>ডিএনসি</td><td>সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে রোগী ভর্তি প্রক্রিয়া অনলাইনকরণ;</td></tr>
<tr><td>৫</td><td>ডিআইপি</td><td>ই-পাসপোর্টের আবেদনের Basic Checks Clearance Artificial Intelligence (AI) সংযোজন।</td></tr>
</table></td>
<td>১) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি অর্থবছরের ইনোভেশন কার্যক্রম সম্পাদন করার সকল আনুষ্ঠানিকতা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;<br><br>২) বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২.১৬ | **ভিডিও কনফারেন্সিং :**<br><br>**বিভাগ/অধিদপ্তর** — **ভিডিও কনফারেন্সের সংখ্যা**<br>এসএসডি — ৫টি<br>ডিএনসি — ১টি<br>ডিআইপি — ৩টি<br>এফএসসিডি — ৩টি<br>প্রিজন — ৪টি<br>**সর্বমোট** — ১৬টি | | ১) মাঠ পর্যায়ের দপ্তরগুলোর সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| বিভাগ/অধিদপ্তর | ভিডিও কনফারেন্সের সংখ্যা |
|---|---|
| এসএসডি | ৫টি |
| ডিএনসি | ১টি |
| ডিআইপি | ৩টি |
| এফএসসিডি | ৩টি |
| প্রিজন | ৪টি |
| **সর্বমোট** | ১৬টি |

২.১৭ **সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :**

**বাস্তবায়ন অগ্রগতি :**

**ছক-ক)**

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা-(৪) | মোট মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট মামলার সংখ্যা-(৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | **এসএসডি** | ১০ম-২০তম গ্রেড=২ | ০ | ২ | ০ | ২ |
| ২ | **ডিআইপি** | ২য়-৯ম গ্রেড=০<br>১০ম-২০তম গ্রেড=৮<br>মোট-৮টি | ১০ম-২০তম গ্রেড=০ | ৮ | ২য়-৯ম গ্রেড=০<br>১০ম-২০তম গ্রেড=২<br>মোট-২টি | ৬ |
| ৩ | **এফএসসিডি** | ২য়-৯ম গ্রেড=০<br>১০ম-২০তম গ্রেড=৯২<br>মোট-৯২টি | ১০ম-২০তম গ্রেড=৬<br>মোট-৬টি | ৯৮ | ২য়-৯ম গ্রেড=০<br>১০ম-২০তম গ্রেড=৭<br>মোট-৭টি | ৯১ |
| ৪ | **ডিএনসি** | ১০ম-২০তম গ্রেড=২১<br>মোট=২১টি | ২য়-৯ম গ্রেড=০<br>১০ম-২০তম গ্রেড=২<br>মোট-২টি | ২৩ | ২য়-৯ম গ্রেড=০<br>১০ম-২০তম গ্রেড=২<br>মোট-২টি | ২১ |
| ৫ | **প্রিজন** | ২য়-৯ম গ্রেড=২<br>১০ম-২০তম গ্রেড=৪৩৮<br>মোট-৪৪০টি | ২য়-৯ম গ্রেড=১টি<br>১০ম-২০তম গ্রেড=৪৩টি<br>মোট-৪৪টি | ৪৮৪ | ২য়-৯ম গ্রেড=১টি<br>১০ম-২০তম গ্রেড=৪৩টি<br>মোট-৪৪টি | ৪৪০ |
| মোট | | **৫৬৩** | **৫২** | **৬১৫** | **৫৫** | **৫৬০** |

<u>বিভাগীয় আপিল মামলা/এএটি/এটি সংক্রান্ত পরিসংখ্যান :</u>

**ছক-খ)**

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত আপিল মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত আপিল মামলার সংখ্যা-(৪) | মোট আপিল মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট আপিল মামলার সংখ্যা-(৭) | এএটি/এটি মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ২ | ডিআইপি | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=২ মোট-৩টি | ২য়-৯ম গ্রেড=০ ১০ম-২০তম গ্রেড=০ মোট-০টি | ৩ | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=১ মোট-২টি | ১ | এটি-৭ এএটি-৬ |
| ৩ | এফএসসিডি | ২য়-৯ম গ্রেড=০ ১০ম-২০তম গ্রেড=৫ মোট-৫টি | ০ | ৫ | ১০ম-২০তম গ্রেড=৫ মোট-৫টি | ০ | এটি-৬ এএটি-১ |
| ৪ | ডিএনসি | ৬ | ৩ | ৯ | ০ | ৯ | এটি-১৯ এএটি-৬ |
| ৫ | প্রিজন | ০ | ০ | ০ | ০ | ০ | এটি-৭৯ এএটি-২৯ |
| মোট | | ১৫ | ৩ | ১৮ | ৭ | ১১ | এটি-১১১ এএটি-৪২ |

**ছক-গ) অন্যান্য মামলার তথ্য (সিভিল) :**

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | লিভ-টু-আপিল | রিট | সিভিল রিভিশন | দেওয়ানি | ফৌজদারি | মামলার অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২ | ডিআইপি | ৯ | ৭৭ | ১ | ০ | ০ | ০ |
| ৩ | এফএসসিডি | ৫ | ৯১ | ২ | ০ | ০ | |
| ৪ | ডিএনসি | ২ | ৬০ | ০ | ০ | ০ | ০ |
| ৫ | প্রিজন | ২৩ | ৭৫ | ৭ | ০ | ০ | ০ |

**সিদ্ধান্তসমূহ :**


১) চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

২) বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;

৩) তদবিরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকারভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব


স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.৩৮০

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯
০৫ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



মোঃ আবদুল কাদির
যুগ্মসচিব